"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড

## Nuclear Power Plant Company Bangladesh Limited

(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)

শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০১.২৩-২৬১ তারিখ : ০৩ মে ২০২৩

# রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Security & Physical Protection Service Division-এর জনবল নিয়োগের বিজ্ঞপ্তি - ৩

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এর অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Security & Physical Protection Service Division-এর জনবল জরুরি ভিত্তিতে নিয়োগের নিমিত্ত এ পর্যায়ে নিম্নের বর্ণনা মোতাবেক বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও পদ-সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০১ | ট্রেইনি ইঞ্জিনিয়ার (স্পেশাল টেকনিক্যাল মিন্স)<br>পদ-সংখ্যা : ০২ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি |
| ০২ | ট্রেইনি সিনিয়র ইন্সপেক্টর (এনপিপি স্টেশন সিকিউরিটি পেট্রোল এক্সামিনেশন)<br>পদ-সংখ্যা : ০৬ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিকিউরিটি স্টাডিজ বা যেকোন বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি |
| ০৩ | ট্রেইনি ইঞ্জিনিয়ার (টেকনিক্যাল মিন্স অফ ফিজিক্যাল প্রোটেকশন সিস্টেম)<br>পদ-সংখ্যা : ০২ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিষয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি |
| ০৪ | ট্রেইনি ইঞ্জিনিয়ার (কোয়ালিটি)<br>পদ-সংখ্যা : ০১ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি |
| ০৫ | ট্রেইনি ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক্স)<br>পদ-সংখ্যা : ০৫ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্সে স্নাতক ৪ (বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি |
| ০৬ | ট্রেইনি সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এ্যাক্সেস কন্ট্রোল এন্ড সিকিউরিটি এলারম)<br>পদ-সংখ্যা : ০২ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং |
| ০৭ | ট্রেইনি সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক মেইনটেন্যান্স)<br>পদ-সংখ্যা : ০৩ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রনিক টেকনোলজি/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং |
| ০৮ | ট্রেইনি জুনিয়র টেকনিশিয়ান<br>পদ-সংখ্যা : ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি (ভোকেশনাল) বা এইচএসসি (বিজ্ঞান) বা সমমান |
| ০৯ | ট্রেইনি টেকনিক্যাল এ্যাটেনডেন্ট<br>পদ-সংখ্যা : ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল) এবং সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছর চাকুরির অভিজ্ঞতা |

**আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :**

- প্রতিটি পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন প্রতিটি পাবলিক পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- কাজের প্রকৃতি বিবেচনায় কেবল পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- কম্পিউটার অ্যাপ্লিকেশনে বিশেষভাবে এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট এবং ইউনিকোড টাইপিং-এ দক্ষতা থাকতে হবে।
- মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- শারীরিক যোগ্যতা/মাপ : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি এবং ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের থাকতে হবে।
- আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ৩০ (ত্রিশ) বছর [তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততিদের জন্য ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য]।

[চলমান]

[পূর্ব পৃষ্ঠার পর]

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ২ (দুই) বছর প্রবেশনকাল গণ্য হবে, তবে তা প্রবেশনকালীন প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্সের ভিত্তিতে বর্ধিত করা হতে পারে।

২. প্রবেশনকাল সফলভাবে সমাপ্তিতে এনপিসিবিএল-এ ট্রেইনি ইঞ্জিনিয়ারের চাকুরি ইঞ্জিনিয়ার বা সমমান (গ্রেড-৮) পদে, ট্রেইনি সিনিয়র ইন্সপেক্টরের চাকুরি সিনিয়র ইন্সপেক্টর বা সমমান (গ্রেড-৮) পদে, ট্রেইনি সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারিংয়ের চাকুরি সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার বা সমমান (গ্রেড-১০) পদে, ট্রেইনি জুনিয়র টেকনিশিয়ানের চাকুরি জুনিয়র টেকনিশিয়ান (গ্রেড-১৬) পদে এবং ট্রেইনি টেকনিক্যাল এ্যাটেনডেন্টের চাকুরি টেকনিক্যাল এ্যাটেনডেন্ট (গ্রেড-১৭) পদে নিয়মিতকরণ/নিশ্চিতকরণ করা হবে।

৩. কর্মস্থল হবে বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল নির্ধারিত যেকোন স্থানে।

৪. প্রবেশনকালে নির্ধারিত হারে সাকুল্য বেতন এবং বিধি মোতাবেক উৎসব ভাতা প্রদান করা হবে; সাকুল্য বেতনের পরিমাণ হবে ক্রমিক নং ১-৫ এর ক্ষেত্রে ৩৫,৬০০/- টাকা, ক্রমিক নং ৬-৭ এর ক্ষেত্রে ২৭,১০০/- টাকা, ক্রমিক নং ৮ এর ক্ষেত্রে ১৭,০৪৫/- টাকা ও ক্রমিক নং ৯ এর ক্ষেত্রে ১৬,৫৫০/- টাকা।

৫. এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর নির্ধারিত হারে মাসিক মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%–৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা বা বিদ্যুৎকেন্দ্র ভাতা, অর্জিত ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে; এনপিসিবিএল-এর বেতন কাঠামো অনুসারে গ্রেড-৮, গ্রেড-১০, গ্রেড-১৬ ও গ্রেড-১৭ এর বিপরীতে মাসিক মূল বেতনের পরিমাণ যথাক্রমে ৬২,৪০০/- টাকা, ৪৮,০০০/- টাকা, ২১,৬০০/- টাকা ও ২০,৪০০/- টাকা।

৬. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যেকোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৭. এনপিসিবিএল-এ যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে; এবং ঘোষণা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসানসহ যেকোন আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্যসহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ০৮.০৫.২০২৩ তারিখ থেকে ২২.০৫.২০২৩ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে।

২. বর্তমানে কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" সংগ্রহ করতে হবে এবং উক্ত NOC মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যেকোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৪. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যেকোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যেকোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd

কোম্পানী সেক্রেটারী